

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/প্রশাসন/পরিপত্র/১৭/২০১৬-১০৫০


তারিখ : ১৩.০১.২০১৯ খ্রি.

অফিস আদেশ

বিষয় : একটি বাড়ি একটি খামার প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নৈমিত্তিক ছুটি প্রদান প্রসঙ্গে।

একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারীর কার্যালয় স্থাপন ও জেলা সমন্বয়কারী যোগদান করার পরও জেলা সমন্বয়কারীদের অবহিত না করে উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপকগণ নৈমিত্তিক ছুটি গ্রহণ ও কর্মস্থল ত্যাগের তথ্য পাওয়া যাচ্ছে। যা দাপ্তরিক শৃংখলা পরিপন্থি। এমতাবস্থায় নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপকের নৈমিত্তিক ছুটি উপজেলা নির্বাহী অফিসার অনুমোদন করবেন এবং উপজেলা দপ্তরের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীর নৈমিত্তিক ছুটি উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক অনুমোদন করবেন। তবে উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপকের নৈমিত্তিক ছুটি গ্রহণ ও কর্মস্থল ত্যাগের অনুমোদনের অনুলিপি জেলা সমন্বয়কারীকে প্রদান করতে হবে এবং ফোনে অনুমতি নিয়ে কর্মস্থল ত্যাগ করতে হবে। জেলা সমন্বয়কারীর নৈমিত্তিক ছুটি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং তাঁর কার্যালয়ের সকল কর্মচারীর নৈমিত্তিক ছুটি জেলা সমন্বয়কারী অনুমোদন করবেন। নৈমিত্তিক ছুটি নিয়ে সদর কার্যালয়ে আসার প্রয়োজন হলে অবশ্যই ফোনে প্রকল্প পরিচালক/উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও সমন্বয়) এর অনুমতি নিয়ে আসতে হবে। নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্যান্য সকল ছুটি সদর কার্যালয় হতে অনুমোদন গ্রহণ করতে হবে।

দাপ্তরিক শৃংখলা রক্ষার্থে উপরোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হল।


১৩.১.১৯
(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক

ফোন-০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্স-০২-৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. জেলা প্রশাসক-----জেলা।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-----জেলা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, ----- উপজেলা।
৫. উপপরিচালক, বিআরডিবি -----জেলা।
৬. জেলা সমন্বয়কারী-----জেলা।
৭. জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার-----জেলা।
৮. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-----উপজেলা।
৯. উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক,-----উপজেলা।